

জাতীয় শিক্ষক দিবস

স্টাফ রিপোর্টার : আগামী ১৯ জানুয়ারী দেশব্যাপী জাতীয় শিক্ষক দিবস পালিত হবে। গত বছর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ১৯ জানুয়ারীকে জাতীয় শিক্ষক দিবস হিসেবে পালনের ঘোষণা পৌঁছে। দিবসটি পালনের জন্য ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। এ উপলক্ষে জাতীয় শিক্ষা সন্ধ্যা পালন এবং জাতীয় শিক্ষা দিবস সন্মাননা পদক ২০০৩ প্রদান করা হবে। জাতীয় পর্যায়ে শিক্ষা সন্ধ্যার উদ্বোধন ও পদক প্রদান করবেন মহামান্য সিনিয়র প্রফেসর ইয়াজউদ্দিন আহমদ।
৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

জাতীয় শিক্ষক দিবস

প্রথম পৃষ্ঠার পর

জেলা ও উপজেলা পর্যায়ে 'জাতি গঠনে শিক্ষকের ভূমিকা' শীর্ষক সেমিনার ও আলোচনা সভার আয়োজন করে সমাজে শিক্ষকদের সম্মান-মর্যাদাকে তুলে ধরা হবে। এ উপলক্ষে নিজ নিজ ক্ষেত্রে অবদান রাখার জন্য শ্রেষ্ঠ শিক্ষকদের পুরস্কৃত করা হবে।